

১৪-১৬ মে ঢাকায় বাংলাদেশ-চীন গ্রিন টেক্সটাইল এক্সপো

- A Monitor Desk Report

Date: 11 January, 2026



ঢাকাঃ টেকসই ও পরিবেশবান্ধব টেক্সটাইল শিল্পে দুই দেশের সহযোগিতা বাড়াতে আগামী মে মাসে ঢাকায় অনুষ্ঠিত হতে যাচ্ছে বাংলাদেশ-চীন গ্রিন টেক্সটাইল এক্সপো ২০২৬।

আন্তর্জাতিক এই প্রদর্শনী আয়োজনের লক্ষ্যে বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএমইএ) ও সেভর ইন্টারন্যাশনাল লিমিটেডের মধ্যে সমঝোতা স্মারক (এমওইউ) সই হয়েছে।

এই উদ্যোগে যৌথ সহযোগী হিসেবে যুক্ত রয়েছে চাইনিজ এন্টারপ্রাইজেস অ্যাসোসিয়েশন ইন বাংলাদেশ (সিইএবি)।

বুধবার (৭ জানুয়ারি) ঢাকার উত্তরায় বিজিএমইএ কার্যালয়ে আনুষ্ঠানিকভাবে এমওইউ স্বাক্ষর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

চুক্তিতে স্বাক্ষর করেন বিজিএমইএ-এর ট্রেড ফেয়ার ও ইভেন্টস বিষয়ক স্থায়ী কমিটির চেয়ারম্যান সাজেদ করিম। আয়োজকের পক্ষে সেভর ইন্টারন্যাশনাল লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মো. ফয়জুল আলম এবং সিইএবি-এর নির্বাহী সচিব বৌ মেইমেই এমওইউতে সই করেন।

এই এমওইউর মাধ্যমে বাংলাদেশ ও চীনের পোশাক ও টেক্সটাইল খাতে দ্বিপাক্ষিক সহযোগিতা আরও জোরদার হবে বলে সংশ্লিষ্টরা আশা প্রকাশ করেছেন। বিশেষ করে টেকসই উন্নয়ন, পরিবেশবান্ধব উৎপাদন ও গ্রিন ইনোভেশনকে সামনে রেখে এ এক্সপো আয়োজন করা হবে। প্রদর্শনীটিতে বাংলাদেশে নিযুক্ত চীন সরকারের দূতাবাসের সমর্থনও রয়েছে।

চুক্তি অনুযায়ী, বিজিএমইএ এক্সপোটির নলেজ পার্টনার হিসেবে ইভেন্টটির প্রচার, উন্নয়ন ও শিল্পসংশ্লিষ্ট অংশীজনদের সম্পৃক্ত করতে সক্রিয় ভূমিকা পালন করবে।

অনুষ্ঠানে বিজিএমইএ, সিইএবি ও সেভর ইন্টারন্যাশনাল লিমিটেডের উর্ধ্বতন কর্মকর্তারাও উপস্থিত ছিলেন।

বাংলাদেশ-চীন গ্রিন টেক্সটাইল এক্সপো আগামী ১৪ থেকে ১৬ মে ঢাকার ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরা (আইসিসিবি)-এ অনুষ্ঠিত হবে। এ প্রদর্শনীতে দেশি-বিদেশি টেক্সটাইল ও গার্মেন্টস শিল্পের উদ্যোক্তা, প্রযুক্তি সরবরাহকারী ও নীতিনির্ধারকদের অংশগ্রহণের কথা রয়েছে।

-B